# সকল বোর্ড-২০১৭

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় কোড : ১৫৩

পূর্ণমান— ৭০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶ 'ক' স্কুলের শিক্ষার্থীরা নরসিংদীর উয়ারী-বটেশ্বর নামক প্রত্নতত্ত্ব নিদর্শনসমৃদ্ধ স্থান পরিদর্শনে যায়। সেখানে তারা প্রায় আড়াই হাজার বছর আগের প্রত্নসম্পদ দেখতে পায়, যার মধ্যে উল্লেখযোগ্য হলো— সুদর্শন লকেট, হরেক রকমের পুঁতি, মন্ত্রপুত কবচ, প্রাচীন রৌপ্য মুদ্রা ও মুদ্রা ভাণ্ডার।

ক. আধুনিক ইতিহাসের জনক কে? ১

খ. ইতিহাস কেন অন্যান্য বিষয় থেকে আলাদা? ২

গ. 'ক' স্কুলের শিক্ষার্থীদের দেখা প্রত্নসম্পদ নিদর্শনগুলো ইতিহাসের কোন ধরনের উপাদান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উয়ারী-বটেশ্বর সম্পর্কে পূর্ণাঙ্গ ইতিহাস জানতে উক্ত উপাদানই কি যথেষ্ট? মতামত দাও। ৪

২.▶

| |
|---|
| ১. হায়ারোগ্লিফিক |
| ২. প্যাপিরাস |
| ৩. রসেটা স্টোন |

ক. মহাকবি হোমার কোন দেশের অধিবাসী ছিলেন? ১

খ. সিন্ধু সভ্যতার অধিবাসীদের ধর্ম বিশ্বাস সম্পর্কে সুস্পষ্ট ধারণা করা সম্ভব নয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যগুলো মিশরীয় সভ্যতার কোন অবদানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিশরীয় সভ্যতা কি শুধু উক্ত অবদানেই সীমাবদ্ধ ছিল? মতামত দাও। ৪

৩.▶ হৃদিতা বাবার সাথে সিলেটের জাফলং বেড়াতে যায়। প্রতি বছর বহু পর্যটক সিলেটের এই পর্যটন কেন্দ্রে বেড়াতে আসে। হৃদিতা শুধু সিলেটের জাফলং নয়, সে পরবর্তীতে বগুড়ার মহাস্থানগড়ও ঘুরে আসে।

ক. ইৎসিং কোন দেশের ভ্রমণকারী? ১

Teachingbd24.com

https://teachingbd24.com

খ. 'বঙ্গ' নামের উৎপত্তি হয় কীভাবে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত হৃদিতা প্রথমে যেখানে বেড়াতে যায় তা প্রাচীন কোন জনপদের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'হৃদিতা পরবর্তীতে যেখানে ঘুরতে যায় তা ছিল প্রাচীন বাংলার সবচেয়ে সমৃদ্ধ জনপদ'— বিশ্লেষণ কর। ৪

৪. ▶ মদনপুর অঞ্চলের শাসকের মৃত্যুর পর প্রচণ্ড অরাজকতা দেখা দেয়। আশেপাশের অঞ্চলের প্রভাবশালী শাসকবর্গ প্রতিবেশী দুর্বল অঞ্চলগুলো দখল করে নেয়। প্রায় একশ বছর এই অবস্থা চলে। এ থেকে মুক্তি পেতে মদনপুরের অভিজাতবর্গ অরূপ নামের এক ব্যক্তিকে যোগ্য মনে করে তাঁর ওপর শাসন ক্ষমতা অর্পণ করেন। অরূপ অত্যন্ত নিপুণতার পরিচয় দিয়ে সে অঞ্চলে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনেন।

ক. 'দানসাগর' গ্রন্থের রচয়িতা কে? ১

খ. শশাংক কেন দেবগুপ্তের সাথে বন্ধুত্ব স্থাপন করেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত অরূপের সাথে প্রাচীন বাংলার কোন শাসকের সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত শাসকের পুত্রই ছিলেন তাঁর বংশের শ্রেষ্ঠ শাসক'— মতামত দাও। ৪

৫. ▶ তৃনা নবম শ্রেণির ছাত্রী। সে সিলেটে বোনের বাড়ী বেড়াতে গিয়ে কৌতূহলবশত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পল্লীতে যায়। সে মেয়েদের রকমারী অলংকার, বিশেষ করে কানে কুণ্ডল, হাতে বালা, পায়ে মল ও সাজসজ্জা দেখে মুগ্ধ হয়। সেখানে নারী-পুরুষ নির্বিশেষে সকলেই অলংকার ব্যবহার করে। বিশেষ কিছু অনুষ্ঠানের উপস্থাপনও সে প্রত্যক্ষ করে। যেমন— নাচ, গান। সেখানে বাদ্যযন্ত্র হিসেবে ঢাক-ঢোল ও খোল-করতাল ব্যবহার করা হয়।

ক. কার রাজত্বকালে অষ্টসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা পুঁথি রচিত হয়? ১

খ. কীভাবে বাংলা ভাষার উৎপত্তি হয়? ২


গ. উদ্দীপকের বর্ণনার সাথে কোন যুগের অলংকার ও সাজসজ্জার মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্তযুগে বারো মাসে তেরো পার্বন অনুষ্ঠিত হতো'— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬. ▶ চৌধুরী বংশের শ্রেষ্ঠ শাসক ছিলেন কবির। তিনি রাজ্যের অরাজকতা, বিশৃঙ্খলা দূর করে তার বংশের শাসন প্রতিষ্ঠা এবং রাজ্যের সীমা বৃদ্ধি করেন। নিজ ধর্ম ও সুফী সাধকদের প্রতি তাঁর আস্থার পাশাপাশি তিনি অন্য ধর্মেরও পৃষ্ঠপোষকতা করেন। তিনি দীর্ঘ ২৬ বছর শাসন করেন। উদার ও ধর্ম নিরপেক্ষ মনোভাবের কারণে তাঁর শাসনামলে বৈষ্ণব ধর্মমতের প্রবর্তন হয়।

ক. বাংলার কোন সুলতানের সাথে পারস্যের কবি হাফিজের পত্রালাপ হতো? ১
খ. রাজা গণেশ কীভাবে বাংলার ক্ষমতা দখল করেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত শাসক কবির তোমার পাঠ্যপুস্তকের কোন শাসকের প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বাংলা সাহিত্যের উন্নতি ও বিকাশে উক্ত শাসকের অবদান অনস্বীকার্য'— বিশ্লেষণ কর। ৪

৭. ▶ ছবিটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. 'ইউছুফ-জুলেখা' কার লেখা কাব্য? ১
খ. মধ্যযুগে হিন্দু সমাজে নারীদের অবস্থা কেমন ছিল? ২
গ. উদ্দীপকে প্রদর্শিত চিত্রটি মধ্যযুগের কোন স্থাপত্য শিল্প? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'এ ধরনের স্থাপত্য শিল্পই এ দেশের ইতিহাস ও ঐতিহ্যকে সমৃদ্ধ করেছে'— বিশ্লেষণ কর। ৪

৮. ▶ উলিপুর মৌজার মোট জমির পরিমাণ পনের হাজার একর। জমির আয় নির্দিষ্ট করার জন্য কর্তৃপক্ষ কতিপয় প্রভাবশালী ব্যক্তির নিকট জমি ইজারা দেন। জমির মালিকানা পেয়ে ইজারাদাররা প্রজাদের ওপর অতিরিক্ত করের বোঝা চাপিয়ে দেয়। ফলে অনেক কৃষক জমিজমা ছেড়ে পালিয়ে যেতে শুরু করে। কর্তৃপক্ষ এ দূরবস্থা থেকে মুক্তি পাওয়ার লক্ষ্যে এবং জমির আয় সুনির্দিষ্ট করতে উক্ত প্রভাবশালী ব্যক্তিদের স্থায়ীভাবে ভূমি বরাদ্দ দেন।

ক. বক্সারের যুদ্ধ সংঘটিত হয় কত সালে? ১
খ. দ্বৈতশাসন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের ব্যবস্থার সাথে তোমার পঠিত কোন ব্যবস্থার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত ব্যবস্থার ফলাফল ছিল সুদূরপ্রসারী"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৯.▶ জনাব শাকিল একজন সমাজ সচেতন রাজনীতিবিদ। তিনি তার গ্রামের কৃষকদের ওপর জোতদারদের অত্যাচার, উচ্চ সুদে ঋণ দান, ঋণ আদায়ে নির্যাতন, বিভিন্ন অজুহাতে অর্থ আদায়সহ কৃষকদের ওপর নিপীড়নের বিষয়গুলোতে গভীরভাবে ব্যথিত হন। তিনি গ্রামের কৃষক ও মধ্যবিত্ত শ্রেণিকে সংগঠিত করে একটি সংগঠন গড়ে তোলেন।

ক. ঢাকার অনুশীলন সমিতির প্রধান সংগঠক কে ছিলেন? ১

খ. লাহোর প্রস্তাবের মূল বিষয় কী ছিল? ২

গ. জনাব শাকিল সংগঠন গড়ে তোলার ক্ষেত্রে কোন নেতার আদর্শে অনুপ্রাণিত হয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত নেতার কর্মকাণ্ড কি শুধু কৃষক আন্দোলনের মধ্যেই সীমাবদ্ধ ছিল? মতামত দাও। ৪

১০.▶

| |
|---|
| ১৪৪ ধারা ভাঙার সিদ্ধান্ত |
| তমদ্দুন মজলিশ |
| ধীরেন্দ্রনাথ দত্ত |

ক. মৌলিক গণতন্ত্রের প্রবর্তক কে? ১

খ. একুশে ফেব্রুয়ারি কীভাবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মর্যাদা লাভ করে? ২

গ. উদ্দীপকের চিত্রটি স্বাধীনতা পূর্ব কোন আন্দোলনের কথা স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত আন্দোলনই পরবর্তী সকল আন্দোলনের প্রেরণার উৎস"— বিশ্লেষণ কর। ৪

১১.▶ একটি রাষ্ট্রের দু'টি প্রদেশ 'ক' ও 'খ'। 'ক' প্রদেশের জনগণ 'খ' প্রদেশের শাসকদের দ্বারা শোষিত ও বঞ্চিত। ক্রমাগত বঞ্চনার ফলে এক সময় 'ক' প্রদেশের জনগণ বিক্ষুব্ধ হয়ে পড়ে। বিক্ষোভ দমন করার জন্য 'খ' প্রদেশের শাসকবর্গ নিষ্ঠুরতার আশ্রয় নেয়। এক পর্যায়ে 'ক' ও 'খ' প্রদেশের মধ্যে যুদ্ধ বেধে যায়। শাসকের নির্দেশে সেনাবাহিনী নিরস্ত্র জনগণের ওপর পাশবিক নির্যাতন চালায়। তথাপি এ অসম লড়াইয়ে 'ক' প্রদেশের জনগণ জয়ী হয়।

ক. অপরাজেয় বাংলা ভাস্কর্যটি কে নির্মাণ করেন? ১

খ. মুক্তিযুদ্ধে নারীদের অবদান কী ছিল? ২

গ. উদ্দীপকে উল্লিখিত লড়াই তোমার পাঠ্যপুস্তকে বর্ণিত কোন লড়াইয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত লড়াইয়ে 'খ' প্রদেশের শাসকবর্গের নির্দেশে সামরিক বাহিনী নির্যাতন, গণহত্যা আর ধ্বংসলীলায় মেতে উঠে"— বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ | ৫ | ৩

সময় — ৩০ মিনিট　　　　পূর্ণমান— ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. রাওলাট আইন কত সালে পাস হয়?**
ক) ১৯১১　　খ) ১৯১২
গ) ১৯১৯　　ঘ) ১৯২০

**২. নবাব মীর কাশিম সকল আন্তঃবাণিজ্য শুল্ক উঠিয়ে দেন—**
i. দেশীয় ব্যবসায়ীদের ক্ষতি পোষাতে
ii. ইংরেজদের দস্তক প্রথার অপব্যবহার ঠেকাতে
iii. দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখার প্রয়োজনে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড় এবং ৩ নং প্রশ্নের উত্তর দাও:**
চাঁদপুর অঞ্চলের বাসিন্দারা ইউনিয়ন পরিষদ নির্বাচনে ছোট ছোট দলগুলোকে একত্রিত করে নির্বাচনে অংশগ্রহণ করে এবং নির্বাচনে জয়ী হয়।

**৩. চাঁদপুর এলাকার বাসিন্দারা স্বাধীনতাপূর্ব কোন নির্বাচনের শিক্ষাকে কাজে লাগায়?**
ক) ১৯৫৪ সালের নির্বাচন
খ) ১৯৬২ সালের নির্বাচন
গ) ১৯৬৫ সালের নির্বাচন
ঘ) ১৯৭০ সালের নির্বাচন

**৪. স্বাধীনতার পর বঙ্গবন্ধু সরকার কৃষি ব্যবস্থার উন্নয়নে বিশেষ মনোযোগ দিয়েছিলেন—**
i. অধিকাংশ মানুষ কৃষিজীবী বলে
ii. শিক্ষার প্রতি আগ্রহ কম ছিল বলে
iii. জাতীয় আয়ে কৃষির আধিক্য ছিল বলে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**৫. চারুমিহির কী?**
ক) পত্রিকা　　খ) উপন্যাস
গ) গল্প　　ঘ) কবিতা

**৬. আধুনিক ইতিহাসের জনক কে?**
ক) হেরোডোটাস　　খ) কনফুসিয়াস
গ) লিওপোল্ড ফন র‍্যাংকে　　ঘ) হোমার

**৭. ইতিহাসের প্রত্নতাত্ত্বিক উপাদান কোনটি?**
ক) ইমারত　　খ) সাহিত্য
গ) নথিপত্র　　ঘ) জীবনী

**৮. পূর্ণাঙ্গ ও বিস্তারিত ইতিহাস জানার জন্য প্রয়োজন—**
i. লিখিত উপাদান
ii. অলিখিত উপাদান　　iii. প্রাকৃতিক উপাদান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' ও 'খ' দু'টি নগর। নগর দু'টির পরিকল্পনা বিশেষ করে রাস্তাঘাট, ইমারত ও পানি নিষ্কাশন ব্যবস্থা একই রকম। প্রাচীন সভ্যতার কিছু নিদর্শন নগর দু'টিতে বিদ্যমান।

**৯. উদ্দীপকে বর্ণিত নগর দু'টি প্রাচীন কোন সভ্যতাকে স্মরণ করিয়ে দেয়?**
ক) সিন্ধু　　খ) মিশরীয়
গ) গ্রিক　　ঘ) রোমান

**১০. উক্ত সভ্যতাটি বিখ্যাত হয়েছে কেন?**
ক) মমি তৈরির জন্য
খ) নগর পরিকল্পনার জন্য
গ) স্থাপত্য ও ভাস্কর্যের জন্য
ঘ) আইন প্রণয়নের জন্য

**১১. কার সময় এথেন্সে চূড়ান্ত গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়?**
ক) সলোন　　খ) পেরিক্লিস
গ) পিসিসট্রেটাস　　ঘ) ক্লিসথেনিস

**১২. বঙ্গ জনপদটি কেন বঙ্গ নামে পরিচিত হয়?**
ক) পুণ্ড্র ও তাম্রলিপ্তের সংলগ্ন বলে
খ) 'বং' নামে এক জাতি বাস করত বলে
গ) গঙ্গা ও ভাগীরথীর মাঝখানে বলে
ঘ) গঙ্গা ও যমুনার মাঝখানে বলে

**উদ্দীপকটি পড় এবং ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
পাল আমলের শেষ দিকে উত্তর বঙ্গের একটি অঞ্চলের সামন্তবর্গ প্রকাশ্যে বিদ্রোহ ঘোষণা করেন।

**১৩. উদ্দীপকে কোন বিদ্রোহের কথা বলা হয়েছে?**
ক) সিপাহী　　খ) কৃষক
গ) কৈবর্ত　　ঘ) ফকির

**১৪. সুলতান গিয়াসউদ্দিন ইওয়াজ খলজী বাংলায় নৌ শক্তির প্রয়োজনীয়তা অনুভব করেন কেন?**
ক) নিরাপত্তার কথা ভেবে
খ) রাষ্ট্রীয় খরচ কমাতে
গ) নদীমাতৃক দেশ বলে
ঘ) নৌযুদ্ধে পারদর্শী বলে

**১৫. পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয় কখন?**
ক) ১৪ আগস্ট, ১৯৪৭　　খ) ১৫ আগস্ট, ১৯৪৭
গ) ১৪ অক্টোবর, ১৯৪৭　　ঘ) ১৫ অক্টোবর, ১৯৪৭

**১৬. সিপাহী বিদ্রোহের সময় দিল্লির সম্রাট কে ছিলেন?**
ক) প্রথম বাহাদুর শাহ　　খ) ফখরুদ্দিন
গ) দ্বিতীয় বাহাদুর শাহ　　ঘ) শাহ সুজা

Teachingbd24.com

১৭. **লাহোর প্রস্তাব উত্থাপন করেন কে?**
ক) মোহাম্মদ আলী জিন্নাহ
খ) খাজা নাজিমুদ্দীন
গ) এ কে ফজলুল হক
ঘ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

১৮. **বিখ্যাত মসলিন শিল্প ধ্বংস হওয়ার কারণ কী?**
ক) আর্থ-সামাজিক অবক্ষয়
খ) বৈদেশিক পণ্যের সহজলভ্যতা
গ) কারিগরদের অদক্ষতা
ঘ) শাসকদের অসহযোগিতা

**উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
রফিক তার পৈত্রিক জমি প্রথমে দশ বছর, পরে এক বছরের জন্য একটি বন্দোবস্ত দেয়। কিন্তু এতে লাভ না হওয়ায় সে নির্দিষ্ট অর্থের বিনিময়ে ইজারাদারদের নিকট স্থায়ী বন্দোবস্ত দেয়।

১৯. **উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন ঘটনার মিল রয়েছে?**
ক) ঋণ সালিশী আইন
খ) প্রজাস্বত্ব আইন
গ) সূর্যাস্ত আইন
ঘ) চিরস্থায়ী বন্দোবস্ত

২০. **উক্ত ঘটনার ফলে—**
i. আয়ের পরিমাণ নিশ্চিত হয়
ii. ব্রিটিশ শাসন দৃঢ় হয়
iii. জনকল্যাণমূলক কাজ বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. **সেন বংশের শেষ রাজা কে ছিলেন?**
ক) বিজয় সেন খ) লক্ষণ সেন
গ) বল্লাল সেন ঘ) হেমন্ত সেন

২২. **১৯৬৯ সালের ১৬ ফেব্রুয়ারি থেকে গণ আন্দোলন নতুন রূপ লাভ করে কেন?**
ক) ভাসানী কর্তৃক সরকারি প্রস্তাব প্রত্যাখ্যানের কারণে
খ) ড. শামসুজ্জোহার মৃত্যুর কারণে
গ) বঙ্গবন্ধুর মুক্তির দাবিতে
ঘ) সার্জেন্ট জহুরুল হকের মৃত্যুর কারণে

**উদ্দীপকটি পড় এবং ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
সালমা চৌধুরী তার এলাকার শিক্ষাবঞ্চিত পিছিয়ে পড়া মেয়েদের লেখাপড়া শেখানোর জন্য স্কুল খোলেন এবং মেয়েদের দুর্দশাগ্রস্ত করুণ জীবনের ওপর বেশ কয়েকটি বই লিখেন।

২৩. **উদ্দীপকের সালমা চৌধুরীর সাথে কোন মহীয়সী নারীর মিল রয়েছে?**
ক) বেগম সুফিয়া কামাল খ) বেগম রোকেয়া
গ) কুসুম কুমারী দাস ঘ) বেগম ফয়জুন্নেসা

২৪. **লাহোর প্রস্তাবের মূল বক্তব্য ছিল—**
i. আঞ্চলিক স্বাধিকার
ii. আত্মনিয়ন্ত্রণের অধিকার
iii. সার্বভৌমত্ব অর্জন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. **শশাংক কোন অঞ্চলের রাজা ছিলেন?**
ক) গৌড় খ) বঙ্গ
গ) সমতট ঘ) বরেন্দ্র

২৬. **কার রাজত্বকালে বৌদ্ধ ধর্ম বাংলায় বেশি প্রসার লাভ করে?**
ক) শশাংক খ) মহিপাল
গ) ধর্মপাল ঘ) অশোক

২৭. **পাকিস্তানের শতকরা কতভাগ মানুষের মাতৃভাষা ছিল বাংলা?**
ক) ৫৫.৪০ খ) ৫৬.৪০
গ) ৫৭.৪০ ঘ) ৫৮.৪০

২৮. **রোমানরা যোদ্ধা জাতিতে পরিণত হয় কেন?**
ক) সামরিক শিক্ষা বাধ্যতামূলক ছিল বলে
খ) অনুপ্রবেশকারীদের সাথে ক্রমাগত সংঘর্ষের কারণে
গ) নিজ রাষ্ট্রকে নিরাপদ রাখতে
ঘ) সাম্রাজ্যের বিস্তারের কারণে

**উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
লিমা অত্যন্ত বুদ্ধিমতি মেয়ে। তার খাদ্য তালিকা, পোশাক-পরিচ্ছদ ও প্রসাধনীতে কখনও অন্য দেশের পণ্য প্রাধান্য পায় না। সে অন্যদেরকেও দেশীয় পণ্য ব্যবহারে উৎসাহিত করে।

২৯. **লিমার দেশীয় পণ্য ব্যবহারে আগ্রহ আমাদের মনে করিয়ে দেয়—**
i. স্বদেশী আন্দোলনের কথা
ii. খিলাফত আন্দোলনের কথা
iii. বয়কট আন্দোলনের কথা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. **উক্ত আন্দোলনের ফলে—**
i. ব্রিটিশ বিরোধী আন্দোলনের সূত্রপাত হয়
ii. বিদেশি পণ্য আমদানি হ্রাস পায়
iii. দেশীয় শিল্পের প্রসার ঘটে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

Teachingbd24.com